

নিয়োগ বিজ্ঞপ্তি

(জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প)

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন “জনশুমারি ও গৃহগণনা ২০২১” প্রকল্পে মেলান্দহ উপজেলার ১১ (এগার) টি ইউনিয়ন ও মেলান্দহ পৌরসভার প্রতিটি ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের মধ্যে আগ্রহী শিক্ষিত ও বেকার যুবক/যুব মহিলাদের নিকট থেকে নিম্নে উল্লেখিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুমারি চলাকালীন সময়ে গণনাকারী/তালিকাকারী এবং সুপারভাইজার মনোনয়নের জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	ক) ন্যূনতম স্নাতক/সমমান পাশ হতে হবে। খ) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। গ) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫” (পাঁচ ইঞ্চি) হতে হবে। ঘ) ০১/০২/২০২০ খ্রি: তারিখে বয়স ২৩-৪০ বছরের মধ্যে হতে হবে। ঙ) সহজে বোধগম্য/স্পষ্ট হাতের লেখার অধিকারী হতে হবে। চ) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	ক) ন্যূনতম এইচএসসি/সমমান পাশ হতে হবে। খ) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। গ) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫” (পাঁচ ইঞ্চি) হতে হবে। ঘ) ০১/০২/২০২০ খ্রি: তারিখে বয়স ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে। ঙ) সহজে বোধগম্য/স্পষ্ট হাতের লেখার অধিকারী হতে হবে। চ) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী :-

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (www.bbs.melandah.jamalpur.gov.bd) থেকে আবেদনপত্র ডাউনলোড করে অথবা ইউনিয়ন ডিজিটাল তথ্য সেবা কেন্দ্র থেকে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশি) খানার তালিকা করবেন।
- লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন (এন্ড্রয়েড ভার্সন ৬ বা তদুর্ধ্ব) রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- মহিলা প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন এবং কমপক্ষে ৫০% মহিলা নিয়োগ করা হবে।
- প্রার্থীকে সরকারি/বেসরকারি প্রকল্পে যেমন : ন্যাশনাল সার্ভিস (এ রকম প্রকল্প), কিন্ডার গার্টেন, স্কুল, কলেজে নিয়োজিত থাকা যাবেনা।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। **একজন প্রার্থী কেবল একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।**
- সকল পদের আবেদন ফরমের খামের উপর ডান পার্শ্বে **পদের নাম, নিজ গ্রাম, নিজ মৌজা** এবং **নিজ ইউনিয়নের নাম** উল্লেখপূর্বক ০৯/০১/২০২০ খ্রি: হতে ২০/০১/২০২০ খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- একজন প্রার্থী শুধুমাত্র তার নিজের ইউনিয়ন ব্যতিত অন্য ইউনিয়নে আবেদন করতে পারবেন না। পৌরসভার যে ওয়ার্ডের বাসিন্দা শুধু সে ওয়ার্ডে আবেদন করতে পারবেন।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
- ইংরেজি হাতের লেখা স্পষ্ট ও বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে লেখা সংগতিপূর্ণ হতে হবে।
- প্রার্থীকে মাঠপর্যায়ে (ডোর টু ডোর) কাজ করার মনমানসিকতা থাকতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নের সকল কাগজপত্র সত্যায়িত করে জমা দিতে হবে। (ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ছবি-০২(দুই) কপি। (খ) জাতীয় পরিচয়পত্র ০১ (এক) কপি। (গ) ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কর্তৃক সনদ ০১ (এক) কপি। (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ০১ (এক) সেট।
- আবেদন পত্র উপজেলা নির্বাহী অফিস, উপজেলা পরিসংখ্যান অফিস, ইউনিয়ন ডিজিটাল তথ্য সেবা কেন্দ্র, (www.bbs.jamalpur.gov.bd) এবং (www.bbs.melandah.jamalpur.gov.bd) ওয়েবসাইট এ পাওয়া যাবে।
- তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার এর পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- পরীক্ষার স্থান, তারিখ ও সময় ২০-০১-২০২০ খ্রি: তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (www.bbs.melandah.jamalpur.gov.bd) ও জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (www.bbs.jamalpur.gov.bd) এ প্রকাশ করা হবে।
- শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (www.bbs.melandah.jamalpur.gov.bd) ও জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (www.bbs.jamalpur.gov.bd) এ প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নয় বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- কর্তৃপক্ষ কোন কারন দর্শনো ছাড়াই মনোনয়ন কার্যক্রম স্থগিত, বাতিল কিংবা সংযোজন বিয়োজন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

(মাহমুদা বেগম)

উপজেলা নির্বাহী অফিসার (অ: দা:)
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মেলান্দহ, জামালপুর।

ও

সভাপতি

উপজেলা স্থায়ী শুমারি/জরিপ কমিটি
মেলান্দহ, জামালপুর।